

This question paper contains 4 printed pages]

Your Roll No.....

5279

B.A. (PROGRAMME)/I A
BENGALI LANGUAGE (B)—Paper I
(Skill of Language Use and One Modern Prose Text)
(Admission of 2005 and onwards)

Time : 3 Hours

Maximum Marks : 75

(Write your Roll No. on the top immediately on receipt of this question paper.)

1. নিম্নলিখিত যে কোনও কোনও একটি বিষয়ে প্রবন্ধ 15
রচনা কর।

(ক) ছাত্রসমাজ ও রাজনীতি

(খ) তুমি যদি প্রধানমন্ত্রী হতে

(গ) তোমার স্বপ্ন

(ঘ) সুখ ও দুঃখ

2. নীচের অংশটি পাঠ করে নিম্নলিখিত প্রশ্নগুলির
উত্তর দাও। 3×5=15

ভারতের জাতীয় জীবনে যে নবজাগৃতি এসেছে,
তাকে এবার শহর থেকে গ্রামে নিয়ে যাওয়া হচ্ছে।
দিকে দিকে তার সাড়া পড়ে গেছে - কন্যাকুমারিকা
থেকে হিমাচল পর্যন্ত তার উদ্যোগ - আয়োজন

P.T.O.

চলেছে। শহর ও গ্রামের মধ্যে যে অচলসূত্রের মত ঘৃণা, অবিশ্বাস আর জড়তা রয়ে গেছে, তাদের সরিয়ে ফেলতে হবে; কারণ গ্রামই হল প্রাচীন ভারতের অর্থনীতির মেরুদণ্ড। পাশ্চাত্য সভ্যতার দৌলতে ও আধুনিক শিল্পায়নের ফলে শহর গড়ে উঠেছে দিকে দিকে; ফলে গ্রাম ও শহরের মাঝে তাই জমে উঠেছে ঘৃণা, অবহেলা এবং উদাসীনতা। সেই আবর্জনার সূত্র সরিয়ে ফেলতে হবে। গ্রাম ও শহরের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও সম্প্রীতির মেলবন্ধন ঘটাতে হবে। সমাজ উন্নয়ন ও পঞ্চায়েৎ-রাজ ছাড়া ভারতের সার্বিক উন্নয়নের পথ অবরুদ্ধ।

(ক) নবজাগৃতিকে এখন কোথায় নিয়ে যাওয়া হচ্ছে?

(খ) প্রাচীন ভারতের অর্থনীতির মেরুদণ্ড কোথায়?

(গ) শহর কেন গড়ে উঠেছে ?

(ঘ) গ্রাম ও শহরের মধ্যে কীসের আবর্জনার সূত্র সরিয়ে ফেলতে হবে ?

(ঙ) ভারতের সার্বিক উন্নয়নের পথ কী ছাড়া অবরুদ্ধ?

3. বিপরীতার্থক শব্দ লেখ : (যে কোনও পাঁচটি)

অসামঞ্জস্য, ইতিবাচক, সংশ্রদ্ধ, সান্নিধ্য, অবান্তর,
সংগ্রহ

5

4. যে কোনও দুটি প্রশ্নের উত্তর দাও:- $15+15=30$

(ক) মহেশ গল্পটি কার লেখা, এই গল্পের শেষে
গফুর কাকে নালিশ জানিয়েছিল? কি ছিল
সেই নালিশ, কাদের বিরুদ্ধে কেন গফুর নালিশ
জানিয়েছিল?

(খ) ডমরুধরের চরিত্র চিত্রণ কর:-

(গ) চিকিৎসা সংকট গল্পে রাজশেখর বসুর ভাষা
শৈলীর দক্ষতার বিভিন্ন নিদর্শন আলোচনা
কর:-

5. টীকা লেখ: যে কোন দুটি $2\frac{1}{2} + 2\frac{1}{2}=5$

একশত মোহর, শূন্যপথে লোহার সিঁদুক, নেপাল
ডাক্তার, ক্ষেত্রমোহন, থিয়জফিস্ট

6. বাক্য শুদ্ধ কর - (পাঁচটি)

1×5=5

- (i) আমাকে দ্বারা কাজটা হবে না।
- (ii) আমি রোজ সেখানে যাও।
- (iii) সে এখন চিঠি লিখছিল।
- (iv) রীতার বাবা একজন ডাক্তার হচ্ছেন।
- (v) প্রয়োজনীয় কাজগুলি সারিয়ে ফেলব।
- (vi) তিনি কাল এসেছিল।